মোহাম্মদ সফিকুল ইসলাম, উপনিবন্ধক(সমিতি,অডিট, আইন ও বিচার), বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ কর্তৃক ধোবাউড়া উপজেলাধীন ধাইরপাড়া জাসেংআ ক্ষুদ্র নৃ- তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমের উপর পরিদর্শন প্রতিবেদন।

উপজেল: ধোবাউড়া জেলা: ময়মনসিংহ বিভাগঃ ময়মনসিংহ ।

**০১. পরিদর্শন সংক্রান্ত তথ্য ঃ**

ক) বর্তমান পরিদর্শন কারীর নাম ও পদবী: মোহাম্মদ সফিকুল ইসলাম, উপ নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
খ) বর্তমান পরিদর্শনের তারিখ: ০৬/০১/২০২২ খ্রি. ।
গ) পূর্ববর্তী পরিদর্শন কারীর নাম ও পদবী: পূর্ববর্তী কোন পরিদর্শন হয়নি ।
ঘ) পূর্ববর্তী পরিদর্শনের তারিখ: প্রযোজ্য নয় ।

**০২. সমিতির সাধারন তথ্যাদি:**

ক) সমিতির নাম: ধাইরপাড়া জাসেংআ ক্ষুদ্র নৃ- তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন সমবায় সমিতি লিঃ ।
খ) সমিতির ঠিকানা: গ্রাম- ধাইরপাড়া, ডাকঘর- ধোবাউড়া, উপজেলা-ধোবাউড়া, জেলা-ময়মনসিংহ।
গ) সমিতির নিবন্ধন নং- ১৫৬, তারিখ: ১৫/১১/২০১৭খ্রি.।
ঘ) কেদ্রীয় সমিতির নাম: কেন্দ্রীয় সমিতির সদস্যভূক্ত নয় ।
ঙ) সমিতির সভ্য নির্বাচনী এলাকা: ধাইরপাড়া ও পঞ্চনন্দপুর গ্রামের মধ্যে সীমাবদ্ধ।
চ) বিগত নির্বাচন অনুষ্ঠানের তারিখ: ১২/১১/২০১৯ খ্রি.।
ছ) বিগত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের তারিখ: ১৫/১১/২০১৯ খ্রি.।

**০৩. বিগত অডিট অফিসারের নাম ও পদবী:** জনাব **মোহাম্মদ শফিকুল ইসলাম**, উপজেলা সমবায় অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ।
**০৪. বিগত অডিট সম্পাদনের তারিখ** ঃ ২১/০৮/২০১৯খ্রি. (২০১৮-২০১৯ সন)।

| ক্রঃ নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ | নবনির্বাচিত কমিটির প্রথম সভার তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব বিপ্লব দাংগ | সভাপতি | ১২/১১/২০১৯খ্রি. | ১৪/১১/২০১৯খ্রি. |
| ০২ | জনাব সরলা রেমা | সহ-সভাপতি | | |
| ০৩ | জনাব ডমিনিক চিসাম | সদস্য | | |
| ০৪ | জনাব শোভা মৃ | সদস্য | | |
| ০৫ | জনাব অর্পন সাংমা | সদস্য | | |
| ০৬ | জনাব শুভদ্রা স্কু | সদস্য | | |

০৫. সমিতির শ্রেণী ঃ সক্রিয়।
ক) আর্থিক কর্মসূচী ঃ মাসিক সঞ্চয় প্রকল্প, ক্ষুদ্রঋণ প্রকল্প, সহযোগী সদস্য সঞ্চয় প্রকল্প।
খ) ভবিষ্যৎ কর্মসূচী ঃ কৃষি উৎপাদন বৃদ্ধি, সেচ প্রকল্প,পরিবহন ব্যবস্থা, মজুত কারবার, ক্ষুদ্রঋণ, বড় আকারের সেচ প্রকল্প, স্বাস্থ্য কমপ্লেক্স এবং অন্যান্য আয়বর্ধক প্রকল্প ।
গ) সামাজিক কর্মসূচী ঃ বৃক্ষরোপন, স্যানিটেশন, বাল্যবিবাহ রোধ, যৌতুক নিরোধ অভিযান,ধুমপান বিরোধী আন্দোলন এবং এলাকার দরিদ্র মেধাবী ছেলেমেয়েদের সহযোগিতা ইত্যাদি।

**পরিদর্শন মন্তব্য** ঃ অদ্য ০৬/০১/২০২২খ্রি. তারিখে অত্র সমিতিটি পরিদর্শন করি। পরিদর্শনকালে সমিতি কর্তৃপক্ষ পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতা করে। সমিতির ব্যবস্থাপনা কমিটি আন্তরিক, পরিশ্রমী, উদ্যোগী এবং উদ্যমী। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যেও ভিত্তিতে দফাওয়ারী মন্তব্য **ও পরামর্শ প্রদান করা হলো।**

০৬. সমিতির নিবন্ধন সংক্রান্ত তথ্য: সমিতিটি বিগত ১৫/১১/২০১৭ খ্রি. তারিখে জেলা সমবায় অফিসার ময়মনসিংহ এর দপ্তর হতে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে ১৫৬ নং নিবন্ধন নম্বরে নিবন্ধন প্রাপ্ত হয়। নিবন্ধন সংক্রান্ত রেকর্ডপত্র সমিতিতে সংরক্ষিত আছে। নিবন্ধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র যত্নসহকারে আলাদাভাবে সংরক্ষণের পরামর্শ দেয়া হলো।

**০৭. সমিতির উপ-আইন** ঃ সমিতিটি যেহেতু ২০১৭ খ্রি. নিবন্ধিত হয়েছে সেহেতু সমবায় সমিতি আইন ২০০১( সংশোধন ২০০২) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এবং নিবন্ধক মহোদয়ের সকল সার্কুলার এবং আদেশ মেনে নিবন্ধিত হয়েছে। সমিতিতে উপ-আইন সংরক্ষিত আছে দেখা গেল। উপ-আইনের বিধান অনুসারে সমিতির কার্যক্রম পরিচালনার জন্য সমিতি কর্তৃপক্ষকে পরামর্শ দেয়া হলো।

**০৮. সমিতির উদ্দেশ্য ও লক্ষ্য:** সদস্যদেরকে সমবায় নীতি ও আদর্শ সর্ম্পকে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করে পারস্পারিক সহযোগিতার মাধ্যমে সমবায় সংগঠন ভিত্তিক পরিকল্পিত জীবন যাপনে উদ্ধুদ্ধ করা। ক্ষুদ্র নৃ- তাত্ত্বিক জনগোষ্টির কর্মক্ষম বেকার জনশক্তিকে জন সম্পদে পরিণত করার লক্ষ্যে ক্ষুদ্র ব্যবসা, দুগ্ধ উৎপাদন, হাঁস মুরগীর খামার, গরু মোটা-তাজাকরণ, ছাগল পালন, শুকর পালন, হস্ত ও কুটির শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প স্থাপনসহ সম্ভাব্য যে কোন ধরণের আয়-বর্ধক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা। সুবিধা বঞ্চিত নিম্ন আয়ের গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার যথার্থ উন্নয়নের লক্ষ্যে ভৌত অবকাঠামো উন্নয়ন, রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট ইত্যাদি নির্মাণ করা। সদস্যগণের নিত্য ব্যবহার্য দ্রব্যাদি ক্রয় ও ন্যায্য মূল্যে বন্টনের ব্যবস্থা করা। নীতি, নৈতিকতা ও মূল্যবোধের আলোকে সদস্যদেরকে জীবন-যাপনে উদ্ধুদ্ধ করা এবং ধর্মীয় অনুশাসন অনুযায়ী ন্যায় ও ইনসাফ ভিত্তিক

সমাজ প্রতিষ্ঠা করা। বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষ্যে এবং এই সমিতির কার্যক্রম প্রসার ও প্রচারের উদ্দেশ্যে সভা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন করা। সমিতির উদ্দেশ্য সমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য পরামর্শ দেয়া হলো।

**০৯. সমিতির কর্যকরী এবং সভ্য নির্বাচনী এলাকা:** উপ-আইন অনুসারে ধোবাউড়া উপজেলার ধাইরপাড়া ও পঞ্চনন্দপুর গ্রামের মধ্যে সীমাবদ্ধ। সমিতির কর্মএলাকার যোগ্য সকলকে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার পরামর্শ দেয়া হলো।

**১০. সমিতির শেয়ার মুলধন:** ৩০/০৬/২০১৯খ্রি. পর্যন্ত সমিতির শেয়ার মুলধনের পরিমান ২০০০/-টাকা। শেয়ার মুলধন সমিতির মূলধন গঠনের সবচেয়ে বড় মাধ্যম। সদস্যদের নিকট নিয়মিত শেয়ার বিক্রয়ের পরামর্শ দেয়া হলো। সদস্যদের শেয়ার সার্টিফিকেট প্রদান করা হয়নি। অবিলম্বে সদস্যদের মাঝে শেয়ার সার্টিফিকেট বিতরণের পরামর্শ দেয়া হলো ।

**১১. সমিতির সঞ্চয় আমানত:** রেকর্ডদৃষ্টে সমিতির সঞ্চয় আমানতের পরিমান ১৭৬০০০/-টাকা। সঞ্চয় আমানত বাবদ সরকারি অনুদান ১০৪০০০/-টাকা। মোট সঞ্চয় ২৮০০০০/- টাকা। সঞ্চয় সমিতির প্রানস্বরূপ। নিয়মিত সঞ্চয় আমানত আদায় না করলে সমিতির মুলধন বৃদ্ধি পাবে না। সঞ্চয় আমানত নিয়মিত আদায় হচ্ছে না। নিয়মিত সঞ্চয় আমানত আদায় করে সমিতির মুলধন বৃদ্ধির পরামর্শ দেয়া হলো।

**১২.সমিতির সদস্য সংখ্যা:** সমিতির সদস্য সংখ্যা ৪০ জন। সভ্য নির্বাচনী এলাকার আগ্রহী সকল যোগ্য সদস্যকে সদস্য হিসেবে ভর্তি করার পরামর্শ দেয়া হলো এবং সদস্য রেজিষ্টার হালনাগাদ লিপিবদ্ধ করে যথাযথভাবে সংরক্ষণের জন্য পরামর্শ দেয়া হলো।

**১৩. বার্ষিক সাধারন সভা:** সমিতির সর্বশেষ বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হযেছে ১২/১১/২০১৯খ্রি.। সমবায় সমিতি আইন ২০০১( সংশোধন ২০০২ ও ২০১৩) এর ১৭(১৩)ধারা মোতাবেক সমিতির বার্ষিক সাধারণ সভা নিরীক্ষা কাজ সম্পন্ন হবার ৬০(ষাট) দিনের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করতে হবে। সে অনুসারে সমিতির বার্ষিক সাধারন সভা অনুষ্ঠানের পরামর্শ দেয়া হলো।

**১৪. ব্যবস্থাপনা কমিটির সভা:** ব্যবস্থাপনা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে মর্মে জানা গেল। সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক প্রতিমাসে কমপক্ষে ব্যবস্থাপনা কমিটির একটি করে সভা অনুষ্ঠানের বিধান রয়েছে। ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য পরামর্শ দেয়া হলো।

**১৫. নির্বাচন:** গত ১২/১১/২০১৯খ্রি.ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। প্রথম সভা ১৪/১১/২০১৯ খ্রি.। কমিটির মেয়াদ ১৩/১১/২০২২ খ্রি.তারিখ পর্যন্ত। যথাসময়ে আইন ও বিধি মেনে নির্বাচন অনুষ্ঠানের পরামর্শ দেয়া হলো।

**১৬. আইন কানুন প্রতিপালন:** সমিতি কর্তৃপক্ষের সমবায় সমিতি আইন ও বিধিমালা সম্পর্কে পুরোপুরি ধারনা নেই। বিভিন্ন বিষয়ে আইনগত পরামর্শ গ্রহণ এবং সমবায় সমিতি আইন ২০০১(সংশোধন ২০০২ ও ২০১৩) এবং সমবায় বিধিমালা ২০০৪ সংরক্ষন ও অনুসরনের পরামর্শ দেয়া হলো।

**১৭. রেকর্ডপত্র সংরক্ষণ:** সমিতির রেকর্ডপত্র সংরক্ষনের অবস্থা মোটামোটি সন্তোষজনক। রেকর্ডপত্র সংরক্ষনে আরও বেশি তৎপর ও মনোযোগী হওয়ার পরামর্শ দেয়া হলো।

**১৮. সমিতি কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প:** সমিতিতে বর্তমানে সরকারি ভাবে ক্ষুদ্র ঋণ প্রকল্প চালু আছে। উক্ত প্রকল্পে ১২৭০০/- টাকা করে ৪০ জনকে ৫,০৮,০০০/- টাকা ঋণ দেওয়া হয়েছে। আদায়কৃত ঋণ হতে ৩৩ জনকে ২০০০০/- টাকা করে ৮% লাভে ৬,৬০,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় কার্যক্রম অব্যাহত আছে। নিয়মিত ঋণ আদায় করে ব্যাংকে জমা দেওয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

**১৯. অডিট সংশোধনী:** সমিতি কর্তৃপক্ষ বিগত ২০১৮-২০১৯ খ্রি. সনের অডিটের সংশোধনী প্রতিবেদন দাখিল করেননি। সমবায় সমিতি আইন ২০০১(সংশোধন ২০০২ও ২০১৩) এর ৪৭(১) ধারা মোতাবেক অডিট প্রতিবেদন প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে অডিট সংশোধনী প্রতিবেদন দাখিলের জন্য পরামর্শ দেয়া হলো।

**২০. সমিতির স্থায়ী সম্পদ:** সমিতিতে স্থায়ী সম্পদ ১,০৩,০০০/- টাকা মূল্যের অফিস ঘর রয়েছে। উক্ত ঘর সরকরিভাবে বিতরণ করা হয়েছে। সমিতির নিজস্ব অফিস গৃহের অবস্থান সন্তোষজনক। অফিস গৃহ রক্ষণাবেক্ষণ ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পরামর্শ দেয়া হলো।

**২১. সমিতির বাজেট:** সমিতির বার্ষিক সাধারণ সভায় বাজেট অনুমোদন সাপেক্ষে ব্যয় নির্বাহ করা হয়েছে। সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক ব্যবস্থাপনা কমিটি ও বার্ষিক সাধারণ সভার অনুমোদনের মাধ্যমে এবং প্রযোজ্য ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সমিতির কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শ দেয়া হলো।

২২. ব্যাংক হিসাব: সমিতির নামে পল্লী সঞ্চয় ব্যাংক লিঃ, ধোবাউড়া শাখায় সঞ্চয়ী হিসাব নং- ১৯০২৬৬০২২১৩৬৫২০১ খোলা আছে। উক্ত ব্যাংক হিসাবে সমিতির কোড নং- ৬১১৬০৩০১২ তে স্থিতির পরিমাণ ৬০৮০৪৪.২২ টাকা। যাবতীয় লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করার পরামর্শ দেয়া হলো।

**২৩. হস্ত মজুত তহবিল:** জমা খরচ বহিদৃষ্টে হস্ত মজুত তহবিলের পরিমান ৫৮,৯৯৩/ টাকা। অধিক পরিমাণ হস্তমজুদ না রাখার পরামর্শ দেয়া হলো।

**২৪. পরিদর্শনের প্রাপ্ত ত্রুটি সমূহ ঃ**

(ক) সদস্যদের শেয়ার সার্টিফিকেট প্রদান করা হয়নি।
(খ) নিয়মিত শেয়ার বিক্রয় করা হচ্ছে না।
(গ) নিয়মিত সঞ্চয় আমানত আদায় করা হচ্ছে না।
(ঘ) অডিট প্রতিবেদনের উপর সংশোধনী প্রতিবেদন দাখিল করা হচ্ছে না।

(ঙ) ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে না ।
(চ) সমিতির উদ্দেশ্য পুরন কল্পে গৃহীত ব্যবস্থা যথেষ্ট নয় ।

২৫. **সমাপনী মন্তব্য:**

(ক) সমিতির সদস্যবৃন্দ উদ্যোগী, উদ্যোমী ও পরিশ্রমী বলে প্রতীয়মান হয়। সম্মিলিত প্রচেষ্টায় তারা কাজ করলে একটি মডেল ও ব্যতিক্রমী সমবায় সমিতি হিসেবে প্রতিষ্ঠিত হতে পারবে বলে আশা করা যায়।

(খ) সমিতির কর্তৃপক্ষ ও সদস্যবৃন্দকে সমবায় সমিতির বিভিন্ন বিধিবদ্ধ কার্যক্রম নির্বাচন, বার্ষিক সাধার সভা অনুষ্ঠান, ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান, অডিট, সঞ্চয় আমানত আদায়, খাতাপত্র সংরক্ষণ, অডিট ফি ও সিডিএফ পরিশোধ ইত্যাদি সঠিকভাবে সম্পাদনের জন্য পরামর্শ দেয়া হলো।

(গ) সমিতির সদস্যদের নিকট হতে নিয়মিত শেয়ার সঞ্চয় আদায় করে সমিতির নিজস্ব মুলধন বৃদ্ধির পরামর্শ দেয়া হলো।

(ঘ) সমবায় বিভাগ ও সরকারের অন্যান্য বিভাগ থেকে সদস্যদের ট্রেডভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ সমিতির কার্যক্রমকে গতিশীল করবে।

(ঙ) সমিতির সদস্য বৃন্দ তাদের পরিকল্পনার আলোকে আয় বর্ধক কার্যক্রম বাস্তবায়ন করলে সমিতির আর্থসামাজিক উন্নয়ন ঘটবে বলে আশা করা যায়।

(চ) বার্ষিক সাধারণ সভা/বিশেষ সাধারন সভা ছাড়াও সমিতির সকল সদস্যকে নিয়ে ( মাসিক, সাপ্তাহিক) বৈঠক করা যেতে পারে।

(ছ) ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক প্রকল্পের ঋণ যথানিয়মে নির্ধারিত সময়ে পরিশোধ করতে হবে।

(জ) উপজেলা সমবায় কার্যালয় ও জেলা সমবায় কার্যালয়ের সঙ্গে সমিতির কার্যক্রম বিষয়ে নিবিড় যোগাযোগ রাখতে হবে, সমিতির কার্যক্রমের অগ্রগতি ও সমস্যা নিয়মিত ভাবে অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সফিকুল ইসলাম)
**উপনিবন্ধক(সমিতি,অডিট, আইন ও বিচার)**
বিভাগীয় সমবায় কার্যালয়
ময়মনসিংহ ।

তারিখঃ ০৯/০২/২০২২ খ্রি:।

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০০.৩৪.৫৬৬.২০২১.২৬৮/১(০৪)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো।

১. সভাপতি, ধাইরপাড়া জাসেংআ ক্ষুদ্র নৃ- তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নয়ন সমবায় সমিতি লিঃ তাঁকে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ১৫(পনেরো) দিনের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো ।
২. উপজেলা সমবায় অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ।
৩. জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ।
৪. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯/০২/২০২২

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
**উপনিবন্ধক(সমিতি,অডিট, আইন ও বিচার)**
বিভাগীয় সমবায় কার্যালয়
ময়মনসিংহ ।